2 0 1 8

PG Even Semester (CBCS) Exam., May—2018

বাংলা

(4th Semester)

পাঠক্রম নং : BNGCC–401

(বিশ শতকের বাংলা কবিতা—২)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে প্রশ্ন নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও

ক—গুচ্ছ

১। 'সুভাষ মুখোপাধ্যায় : জীবন ও সাহিত্য' গ্রন্থের সম্পাদকের নাম লেখো । 'পদাতিক' কাব্যগ্রন্থটি কবি কাকে উৎসর্গ করেছেন? ''প্রতিদিনের বাস্তব ও চলমান জীবন থেকে নতুন নতুন বাক্‌প্রতিমা তৈরী করে নিয়েছেন সুভাষ মুখোপাধ্যায়। এই অর্থেই তিনি দৈনন্দিনের কবি।'' প্রাসঙ্গিক কবিতা অবলম্বনে উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+১+১২=১৪

২। সুভাষ মুখোপাধ্যায়ের অভিন্নহৃদয় শিল্পী বন্ধুর নাম কী? আই. এ. পড়ার সময় কবি সমর সেন কোন্ গ্রন্থটি তাঁকে উপহার দিয়েছিলেন? ''একদিকে নাট্যঘন মুহূর্ত সম্ভারে গ্রথিত আখ্যানের আভাস, অন্যদিকে সারি সারি ইমেজে গাঁথা আত্মকথন—সুভাষ মুখোপাধ্যায়ের কবিতার স্থাপত্যে দুটি স্তম্ভই উজ্জ্বল বিভা পায় প্রবল নাগরিক বাচনে।'' এই মন্তব্যের আলোকে সুভাষ মুখোপাধ্যায়ের কাব্যশৈলীর মূল্যায়ন করো। ১+১+১২=১৪

খ—গুচ্ছ

৩। শঙ্খ ঘোষের প্রথম কাব্যগ্রন্থের নাম কী? কত সালে তা প্রকাশিত হয়েছিল? 'সময়' শঙ্খ ঘোষের কবিতায় তাঁর নিজস্ব ভাবনায় আসে—কখনও রবীন্দ্রনাথ, কখনও বহুদূরের কোনো ইতিহাসের হাত ধরে, কখনও বা নদীর চলমানতার মধ্য দিয়ে সময়কে ধরতে চান কবি। প্রাসঙ্গিক কবিতা অবলম্বনে বিষয়টি আলোচনা করো। ১+১+১২=১৪

৪। শঙ্খ ঘোষের কবিতায় 'পাথর', 'কৃষ্ণচূড়া', 'পাটাতন' এই শব্দগুলি বিশেষ ব্যঞ্জনা নিয়ে উঠে আসে আমাদের বিশেষ সময়ের সমাজ পরিসরে। আলোচনা করো। প্রসঙ্গক্রমে এই বিশেষ শব্দগুলি ব্যবহৃত হয়েছে এমন তিনটি কবিতার নাম উল্লেখ করো। ১১+১+১+১=১৪

গ—গুচ্ছ

৫। শক্তি চট্টোপাধ্যায়ের শ্রেষ্ঠ কবিতা কত খ্রিস্টাব্দে প্রথম প্রকাশিত হয়? শক্তি চট্টোপাধ্যায়ের কবিতায় প্রেম যদি উত্তেজনাময় বেঁচে থাকার মুহূর্তমাত্র হয়, মৃত্যু তবে অনন্তের দিকে দীর্ঘ যাত্রাপথ। অস্তিত্বের খণ্ড আর অখণ্ড দুই অংশ পাশাপাশি থাকে। কখনো একজন অন্যজনের দিকে একটু বেশি ঝুঁকে পড়ে। জীবনের কোলে বসে মরণের এই অবসাদ কবির কাছে বড় সত্য। জীবনের মধ্যেই আছে এই মৃত্যুর বাসা। আবার মৃত্যু আছে বলেই বাঁচা এত দামী। প্রাসঙ্গিক কবিতা অবলম্বনে উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+১৩=১৪

৬। শক্তি চট্টোপাধ্যায়ের 'ধর্মে আছো জিরাফেও আছো' কাব্যগ্রন্থটির প্রথম প্রকাশকাল কত? ''রূপসী বাংলার কবি নন তিনি, গ্রাম বাংলার প্রকৃতিকে আমরুলের অম্লতা, তেলমশলা, তেচোখা মাছের আঁশটে গন্ধ মাখিয়েই শক্তি আসেন। গ্রাম্য প্রকৃতির বানিয়ে তোলা রূপকথা তিনি বলেননি, বলেছেন প্রকৃতির নিরাবরণ সৌন্দর্যের কথা।'' মন্তব্যটির আলোকে শক্তি চট্টোপাধ্যায়য়ের কবিতায় প্রকৃতি-চেতনার স্বরূপ নির্ণয় করো। ১+১৩=১৪

ঘ—গুচ্ছ

৭। শামসুর রাহমানের দুটি কাব্যগ্রন্থের নাম লেখো। শামসুর রাহমানের কাব্য-ভাবনায় স্বাধীনতা এক অন্য মাত্রা নিয়ে উপস্থিত হয়। পঠিত কবিতা অবলম্বনে মন্তব্যটি বিশদ করো।

২+১২=১৪

৮। শক্তিপদ ব্রহ্মচারীর প্রথম কাব্যগ্রন্থের নাম লেখো। ''তাঁর কবিতায় প্রকৃতি-চেতনার সঙ্গে প্রেম ও ইন্দ্রিয়-চেতনা অঙ্গাঙ্গীভাবে যুক্ত।'' মন্তব্যটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+১৩=১৪

ঙ—গুচ্ছ

৯। জয় গোস্বামীর 'ঘুমিয়েছো ঝাউপাতা?' কাব্যগ্রন্থটি কবে প্রথম প্রকাশিত হয়? ''জয় গোস্বামীর সৃষ্টিপ্রাচুর্য যেমন অনুপ্রেক্ষণীয়, তেমনি আকর্ষণীয় তাঁর কাব্য রচনার ক্রমান্বয় ও বিস্ময়কর বাঁকগুলি। যে কোনো সৎ, সার্থক শিল্পীর মতোই প্রতিটি নির্মাণের মধ্যে তিনি ফুটিয়ে তোলেন তাঁর নিত্য গতির ছন্দ, থাকে রূপান্তরের চিহ্ন।'' আলোচনা করো। ১+১৩=১৪

১০। কত খ্রিস্টাব্দে জয় গোস্বামী প্রথম আনন্দ পুরস্কারে ভূষিত হন? রোমান্টিকতা জয় গোস্বামীর কবিতার প্রধান অবলম্বন। আলোচনা করো। ১+১৩=১৪

★★★